

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
(ত্রাণ ও পুনর্বাসন শাখা)
www.moulvibazar.gov.bd

স্মারক নং ৫১.০১.৫৮০০.০০০.১৪.০২৬.২৩-১০

তারিখ ০২ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ।
১৮ জানুয়ারী ২০২৩ খ্রিষ্টাব্দ।

বিষয়: ২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলাভিত্তিক উন্নয়ন খাতে ২য় পর্যায়ের বরাদ্দ প্রাপ্ত খাদ্যশস্যের (চাল) প্রকল্প তালিকা অনুমোদন প্রসঙ্গে।

- সূত্র: ১। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা ৩১.১০.২০২৩ খ্রি: তারিখের ৫১.০১.০০০০.০১১.১৪.০০৪.২৩.৩৫৪ নং স্মারক।
২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বড়লেখা, মৌলভীবাজার এর ১০.১২.২০২৩ খ্রি: তারিখের ৫১.০১.৫৮১৪.০০০.৪১.১৬৬.২৩.১১৫৯ নম্বর স্মারক।
৩। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কুলাউড়া, মৌলভীবাজার এর ০৯.১১.২০২৩ খ্রি: তারিখের ৫১.০১.৫৮৬৫.০০০.১৪.০০৩.২৩.৬০৪ নম্বর স্মারক।
৪। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রাজনগর, মৌলভীবাজার এর ১৪.১২.২০২৩ খ্রি: তারিখের ৫১.০১.৫৮৮০.০০০.১৪.১২৫.২৩.৪২৫ নম্বর স্মারক।
৫। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জুড়ী, মৌলভীবাজার এর ১২.১২.২০২৩ খ্রি: তারিখের ৫১.০১.৫৮৩৫.০০০.১৪.০৯৩.২৩.৪২৪ নম্বর স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলাভিত্তিক উন্নয়ন খাতে বড়লেখা, কুলাউড়া, রাজনগর ও জুড়ী উপজেলায় ২য় পর্যায়ের বরাদ্দপ্রাপ্ত খাদ্যশস্যের (চাল) প্রকল্প তালিকা অনুমোদনের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করেছেন।


গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০১১ আলোকে আগামী জেলা কর্তৃক কৃষির সভায় অনুমোদন ও ২য় কিস্তি বরাদ্দের বিপরীতে প্রকল্প গ্রহণ, অনুমোদন ও বাস্তবায়ন সময়সীমা বৃদ্ধি সাপেক্ষে সংশ্লিষ্ট উপজেলা পরিষদ চেয়ারম্যান এর অনুকূলে নিম্নোক্তভাবে ও শর্তে এতদ্বারা উপ-বরাদ্দ প্রদান করা হলো।

ক্রম	উপজেলার নাম	প্রকল্প সংখ্যা	উপ-বরাদ্দকৃত খাদ্যশস্যের (চাল) পরিমাণ	মন্তব্য
১।	বড়লেখা	=০৬টি	=৩৫.৫৭৪২ (পয়ত্রিশ দশমিক পাঁচ সাত চার দুই) মে.টন	
২.	কুলাউড়া	=০৯টি	=৪৪.৯১৩৫ (চুয়াল্লিশ দশমিক নয় এক তিন পাঁচ) মে.টন	
৩.	রাজনগর	=০৬ টি	= ২৮.২৮৮৪ (আটশ দশমিক দুই আট আট চার) মে.টন	
৪.	জুড়ী	=০৪টি	=২২.৭৩১৬ (বাইশ দশমিক সাত তিন এক ছয়) মে.টন	

২। এ ব্যয় বাজেট কোড নং ১৪৯০১০১-২১১০০০২০৩-৩৭২২১০১ (চাল) কোড হতে নির্বাহ করা হবে।

শর্তাবলী :

- ২০২৩-২০২৪ অর্থ বছরে ২য় কিস্তি বরাদ্দের বিপরীতে প্রকল্প গ্রহণ, অনুমোদন ও বাস্তবায়ন গত ৩১.১২.২০২৩ খ্রি: অতিক্রান্ত হয়েছে। ২য় কিস্তি বরাদ্দের বিপরীতে প্রকল্প গ্রহণ, অনুমোদন ও বাস্তবায়ন সময়সীমা বৃদ্ধি সাপেক্ষে প্রকল্পসমূহ অনুমোদন করা হলো।
 - এ কর্মসূচির নগদ অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি বিধান এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০১১ যথাযথভাবে অনুসরণ করতে হবে;
 - এ কর্মসূচির প্রকল্প গ্রহণ/বাছাই গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০১১ এর অনুল্লেখ ৩, ৪ ও ৫ যথাযথভাবে অনুসরণ করতে হবে।
 - প্রি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলক করা। প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখাসহ ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করা যাতে কর্মসূচির জরিপের একটি তুলনা করা সম্ভব হয়; প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন বাধ্যতামূলক করতে হবে;
 - নির্ধারিত সময়সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে প্রচলিত বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে;
 - প্রকল্প সূচী বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে;
 - বরাদ্দ প্রাপ্তির ১৫ (পনেরো) দিনের মধ্যে P.I.C গঠনসহ আনুষঙ্গিক কাজ সম্পূর্ণ করে প্রকল্প কাজ শুরু নিশ্চিত করা। অব্যয়িত খাদ্যশস্য যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে;
 - নতুনভাবে তৈরীকৃত/সংস্কারকৃত গ্রামীণ রাস্তার দুই পার্শ্বে স্থানীয় কৃষি বিভাগীয় পরামর্শক্রমে তালগাছের চারা রোপনের কার্যক্রম অন্তর্ভুক্ত করতে হবে;
 - গৃহীত/প্রস্তাবিত প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে বরাদ্দকৃত অর্থ/ খাদ্যশস্য ছাড় করতে হবে;
 - প্রকল্প বাস্তবায়নের মাসিক অগ্রগতির প্রতিবেদন এ কার্যালয় ও দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণ করতে হবে;
 - নিরীক্ষার জন্য হিসাব ও ভাউচার যথাযথিতি তীর কার্যালয়ে সংরক্ষণ করতে হবে।
- সংযুক্তি: বর্ণনামতে অনুমোদিত প্রকল্প তালিকা.....পাতা।


২৬.০১.২৪
(ড. উর্মি বিনতে সালাম)
জেলা প্রশাসক
মৌলভীবাজার

ফোনঃ ০২৯৯৬৬৮৩২০২

e-mail: dcmoulvibazar@mopa.gov.bd

চেয়ারম্যান, উপজেলা পরিষদ

বড়লেখা, কুলাউড়া, রাজনগর ও জুড়ী, মৌলভীবাজার।

(চলমান পাতা: ০২)

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে

- ১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা- ২৩৫, ২৩৬ ও ২৩৮, মৌলভীবাজার- ১,২ ও ৪।
- ২। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক, দুর্যোগ-ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৪। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
- ৫। পরিচালক, (মুওপ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৬। উপ-সচিব, (বাজেট), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। পরিচালক (কাবিখা), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৮। উপ-পরিচালক (কাবিখা-১), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৯। উপজেলা নির্বাহী অফিসার, বড়লেখা, কুলাউড়া, রাজনগর ও জুড়ী, মৌলভীবাজার।
- ১০। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, মৌলভীবাজার।
- ১১। জেলা খাদ্য নিয়ন্ত্রক, মৌলভীবাজার।
- ১২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বড়লেখা, কুলাউড়া, রাজনগর ও জুড়ী, মৌলভীবাজার।
- ১৩। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বড়লেখা, কুলাউড়া, রাজনগর ও জুড়ী, মৌলভীবাজার।
- ১৪। উপজেলা হিসাব খাদ্য নিয়ন্ত্রক, বড়লেখা, কুলাউড়া, রাজনগর ও জুড়ী, মৌলভীবাজার।
- ১৫। অফিস কপি।